

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১৩৫

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ مَوْلَى بَنِي هَاشِمٍ، حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ رَافِعٍ الطَّائِرِيُّ بَصْرِيُّ، حَدَّثَنِي أَبُو يَحْيَى، رَجُلٌ مِنْ أَهْلِ مَكَّةَ، عَنْ فَرُوخَ، مَوْلَى عُثْمَانَ: أَنَّ عُمَرَ - وَهُوَ يَوْمَئِذٍ أَمِيرُ الْمُؤْمِنِينَ - خَرَجَ إِلَى الْمَسْجِدِ فَرَأَى طَعَامًا مَنُثُورًا، فَقَالَ: مَا هَذَا الطَّعَامُ؟ فَقَالُوا: طَعَامٌ جُلِبَ إِلَيْنَا، قَالَ: بَارَكَ اللَّهُ فِيهِ وَفِيمَنْ جَلَبَهُ، قِيلَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ فَإِنَّهُ قَدْ احْتَكِرَ. قَالَ: وَمَنْ احْتَكَرَهُ؟ قَالُوا: فَرُوخُ مَوْلَى عُثْمَانَ، وَفُلَانٌ مَوْلَى عُمَرَ، فَأَرْسَلَ إِلَيْهِمَا فَدَعَاهُمَا، فَقَالَ: مَا حَمَلَكُمَا عَلَى احْتِكَارِ طَعَامِ الْمُسْلِمِينَ؟ قَالَا: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، نَشْتَرِي بِأَمْوَالِنَا، وَنَبِيعُ، فَقَالَ عُمَرُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " مَنْ احْتَكَرَ عَلَى الْمُسْلِمِينَ طَعَامَهُمْ، ضَرَبَهُ اللَّهُ بِالْإِفْلَاسِ، أَوْ بِجَذَامٍ "، فَقَالَ فَرُوخُ عِنْدَ ذَلِكَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، أَعَاهِدُ اللَّهَ وَأُعَاهِدُكَ، أَنْ لَا أَعُودَ فِي طَعَامٍ أَبَدًا، وَأَمَّا مَوْلَى عُمَرَ، فَقَالَ: إِنَّمَا نَشْتَرِي بِأَمْوَالِنَا وَنَبِيعُ
قَالَ أَبُو يَحْيَى: فَلَقَدْ رَأَيْتُ مَوْلَى عُمَرَ مَجْذُومًا

إسناده ضعيف لجهالة أبي يحيى المكي وفروخ مولى عثمان، وتساهل ابن حبان فذكرهما في " ثقاته ". أبو سعيد مولى بني هاشم: هو عبد الرحمن بن عبد الله بن عبيد البصري

وأخرجه الطيالسي (55) ، وعبد بن حميد (17) ، وابن ماجه (2155) من طريق الهيثم بن رافع، بهذا الإسناد. وقد سقط من المطبوع من الطيالسي " فروخ مولى عثمان "

وأورده ابن الجوزي في " العلل المتناهية " 2 / 606 من طريق " المسند "، وقال: أبو يحيى مجهول

وأورد هذا الحديث أيضاً الذهبي في "الميزان" 4 / 322 وقال: أبو يحيى المكي لا يعرف، والخبر منكر

বাংলা

১৩৫। আবু ইয়াহইয়া নামক জনৈক মক্কাবাসী উসমানের সাবেক দাস ফররুখ থেকে বর্ণনা করেন, উমার (রাঃ) যখন আমীরুল মু'মিনীন, তখন একদিন মসজিদে গেলেন, দেখলেন, খাবার বিতরণ করা হচ্ছে। জিজ্ঞেস করলেন, এ খাবার কিসের? লোকেরা বললো, এ খাবার আমাদের জন্য আনা হয়েছে। উমার (রাঃ) বললেন, এ খাবারে এবং যে ব্যক্তি এ খাবার এনেছে- তার ওপর আল্লাহ বরকত নাযিল করুন। কেই কেউ বললো, হে আমীরুল মু'মিনীন, এ খাবার তো গোলাজাত করা হয়েছে। তিনি বললেন, কে গোলাজাত করেছে? লোকেরা বললো, উসমানের সাবেক দাস ফররুখ এবং উমারের সাবেক দাস অমুক। উমার (রাঃ) তৎক্ষণাত লোক পাঠিয়ে তাদের উভয়কে ডেকে আনলেন।

তারপর বললেন, মুসলিমদের খাদ্য গোলাজাত করতে তোমাদেরকে কিসে উদ্বুদ্ধ করলো? তারা উভয়ে বললোঃ হে আমীরুল মু'মিনীন, আমরা আমাদের অর্থ দিয়ে ক্রয় বিক্রয় করে থাকি। উমার (রাঃ) বললেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, যে ব্যক্তি মুসলিমদের খাদ্যদ্রব্য গোলাজাত করবে, আল্লাহ তাকে দারিদ্র্য অথবা কুষ্ঠরোগে আক্রান্ত করবেন। তখন ফররুখ বললেনঃ হে আমীরুল মু'মিনীন, আমি আল্লাহর নিকট অঙ্গীকার করছি এবং আপনার নিকট অঙ্গীকার করছি যে, কোন খাদ্যদ্রব্য আর কখনো গোলাজাত করবো না। কিন্তু উমারের সাবেক দাস বললোঃ আমরা তো আমাদের অর্থ দিয়েই ক্রয় বিক্রয় করে থাকি।

আবু ইয়াহইয়া বলেনঃ আমি উমারের এই সাবেক দাসকে কুষ্ঠরোগে আক্রান্ত দেখেছি। [ইবনু মাজাহ]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62930>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন